# প্রবেট আইনের বিধানাবলি
ও
# প্রাসঙ্গিক হেবা (দান) অছিয়ত বিধি

## The Provisions of Probate Laws

(সংশ্লিষ্ট আইন, বিধি ও উচ্চতর আদালতের সিদ্ধান্তসহ)

[সাকসেশন অ্যাক্ট: ১৯২৫ সহ]

সাইফুল ইসলাম ফকির

ইউনিক ল' বুক হাউস

## Topic-based Index (বিষয়ভিত্তিক সূচি) :

* প্রবেট আইনের ধারণা, সংজ্ঞা, মামলা ও উইল বাস্তবায়নে প্রবেট বিধি;
* উইল বাস্তবায়নে প্রবেট বিধির প্রয়োগ;
* হেবাদান আর উইল-এর পরিচয় ও তফাৎ;
* ইসলামিক বিধানে সম্পত্তি যেভাবে উইল বা অছিয়ত করবেন;
* উইল বা অছিয়তের আইনি বিধান;
* THE PROBATE PROCESS;
* SCOPES OF PROBATE PROCEEDINGS & FORMATES;
* মুসলিম আইনে হেবা (দানপত্র) দলিলের বিভিন্ন নমুনা;
* THE WILLS AND INTESTACY REGULATION, 1799;
* The Indian Probate and Administration Act, 1977
* উত্তরাধিকার আইন, ১৯২৫ (The Succession Act, 1925);
* উইল প্রবেটসংক্রান্ত উচ্চতর আদালতের গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ।

# সূচিপত্র

১. প্রবেট আইনের ধারণা, সংজ্ঞা, মামলা ও উইল বাস্তবায়নে প্রবেট বিধি ৩৭
১.১ প্রবেট (Probate) বলতে যা বুঝায় ৩৭
১.২ প্রবেট (Probate)-এর সংজ্ঞা ৩৭
১.৩ প্রবেট (Probate)-এর ব্যাখা ৩৭
১.৪ প্রবেট বা ইচ্ছাপত্র-প্রমাণক সম্পর্কিত মামলা (Probate Action) বলতে যা বুঝায় ৩৮
১.৫ উইল প্রবেট ৩৮
২. উইল বাস্তবায়নে প্রবেট বিধির প্রয়োগ ৩৯
২.১ উইল বাস্তবায়নে প্রবেট বিধি ৩৯
২.২ অছিয়ত বা উইল বলতে যা বুঝায় ৩৯
২.৩ অছিয়তের সংজ্ঞা ৪০
২.৪ অছিয়তের ব্যাখ্যা ৪০
২.৫ অছিয়ত সম্পাদনের উপাদান ৪১
২.৬ অছিয়ত এর বৈশিষ্ট্য ৪১
২.৭ অছিয়তের শর্ত ৪১
২.৮ যাদের উদ্দেশ্যে অছিয়ত করা যায় ৪২
২.৯ উইলের ফরম ৪২
২.১০ বিভিন্ন উদাহরণের মাধ্যমে উইল সম্পকিত বিষয়টি আরও স্পষ্টকরণ ৪২
২.১১ উইলে বিকল্প অর্পণ ৪৪
২.১২ উইলের নিবার্হক ৪৪
২.১৩ উইল রদ বা প্রত্যাহার করণ ৪৪
২.১৪ পবিত্র কুরআনে অছিয়ত সম্পর্কে বলা হয়েছে ৪৫
২.১৫ ওয়ারিশের বরাবরে সম্পাদিত উইলের বিধান ৪৫
২.১৬ ওয়ারিশ নয় এমন ব্যক্তি বরাবরে সম্পাদিত উইলের বিধান ৪৫
২.১৭ নিট সম্পত্তি ৪৬
২.১৮ ধর্মীয় উদ্দেশ্যে উইল ৪৬
২.১৯ ধর্মীয় উইল ৩ প্রকার ৪৬
২.২০ উইলের উপাদান ৪৬

| | | |
|---|---|---|
| ২.২১ | যে সকল কারণে উইলের বিলুপ্তি ঘটে | ৪৭ |
| ২.২২ | উইল বা অছিয়ত বিধি'র সারসংক্ষেপ | ৪৭ |
| ২.২৩ | উইলের বিষয়াদি | ৪৮ |
| ২.২৪ | উইলে হস্তান্তরযোগ্য সম্পত্তি | ৪৮ |
| ২.২৫ | উইলে ভবিষ্যৎ দান | ৪৮ |
| ২.২৬ | উইলে সম্ভাব্য দান | ৪৮ |
| ২.২৭ | শর্তসাপেক্ষ উইল | ৪৮ |
| ২.২৮ | অব্যক্ত রদকরণ | ৪৮ |
| ২.২৯ | পরবর্তী উইল দ্বারা পূর্ববর্তী উইল রদ | ৪৯ |
| ২.৩০ | লেটার অব এডমিনিস্ট্রেশন | ৪৯ |
| ২.৩১ | নর্বাহক মুসলমান হওয়া আবশ্যক নয় | ৪৯ |
| **৩.** | **হেবা দান আর উইল-এর পরিচয় ও তফাৎ** | |
| ৩.১ | দান বা হেবা-এর পরিচয় | ৫৪ |
| ৩.২ | বিভিন্ন ধর্মীয় দৃষ্টিকোণ থেকে হেবা বা দান | ৫৪ |
| ৩.৩ | হেবা বা দানের উদ্দেশ্য | ৫৫ |
| ৩.৪ | যাহা হেবা বা দান করা যায় | ৫৫ |
| ৩.৫ | যে হেবা গ্রহণ করতে পারে | ৫৫ |
| ৩.৬ | হেবার সীমারেখা | ৫৫ |
| ৩.৭ | বীমাপত্র হস্তান্তর | ৫৬ |
| ৩.৮ | বন্ধককৃত সম্পত্তির হেবা | ৫৬ |
| ৩.৯ | মরজ-উল-মউত হতে হলে, করণীয় | ৫৭ |
| ৩.১০ | বৈধদানের আবশ্যকীয় শর্তাবলি | ৫৭ |
| ৩.১১ | রেজিস্ট্রিশন | ৫৮ |
| ৩.১২ | হেবাকৃত সম্পত্তির নামজারি | ৫৮ |
| ৩.১৩ | লিখিত দলিল ও রেজিস্ট্রি দলিল ছাড়া হেবা করা যায় কিনা | ৫৮ |
| ৩.১৪ | হেবাকৃত সম্পত্তি ভাড়াটিয়ার দখলে থাকলে তার দখল যেভাবে হস্তান্তরিত হবে | ৫৯ |
| ৩.১৫ | হেবাকারী ও গ্রহীতা যদি দানকৃত সম্পত্তিতে যৌথভাবে বসবাস করে, তবে দখল যেভাবে হস্তান্তরিত হবে | ৫৯ |
| ৩.১৬ | স্বামী কর্তৃক স্ত্রীকে হেবা করার নিয়ম | ৫৯ |
| ৩.১৭ | নাবালককে দান করলে যেভাবে হস্তান্তরিত হবে | ৫৯ |
| ৩.১৮ | বাবা বা অভিভাবক কর্তৃক নাবালককে দান করলে দখল যেভাবে হস্তান্তর করতে হয় | ৫৯ |
| ৩.১৯ | যে সম্পত্তি বিভাজন করা যায় না, তা একাধিক ব্যক্তিকে দান করা যায় কিনা | ৫৯ |
| ৩.২০ | ভবিষ্যতে বিক্রি করতে পারবে না– এমন শর্তযুক্ত করে দান | ৬০ |

| | | |
|---|---|---|
| ৩.২১ | দখল হস্তান্তর ও দান | ৬০ |
| ৩.২২ | যেসব ক্ষেত্রে হেবা অবৈধ | ৬০ |
| ৩.২৩ | ট্রাষ্টের মাধ্যমে দান | ৬১ |
| ৩.২৪ | হেবার প্রকারভেদ | ৬১ |
| ৩.২৫ | যখন হেবা বাতিল বা রদযোগ্য (Revocation of gift) | ৬২ |
| ৩.২৬ | হেবা বা দান, উইলে ব্যতিক্রম | ৬৩ |
| ৩.২৭ | হেবা বা দান প্রত্যাহার | ৬৩ |
| ৩.২৮ | যে ক্ষেত্রে অর্পণের প্রত্যাহার করা যায় | ৬৩ |
| ৩.২৯ | দানের আইনসংক্রান্ত বিধান | ৬৩ |
| ৩.৩০ | জন্মগ্রহণ করেনি এমন শিশুকে হেবা | ৬৩ |
| ৩.৩১ | ভিন্ন ধর্মাবলম্বীকে হেবা | ৬৪ |
| ৩.৩২ | হেবাদান ও উইলের মধ্যে পার্থক্য | ৬৪ |
| ৩.৩৩ | বিমুর্ত সম্পত্তি বা আদায়যোগ্য দাবীর ক্ষেত্রে দখল অর্পণ | ৬৫ |
| ৩.৩৪ | মুশার সংজ্ঞা | ৬৫ |
| ৩.৩৫ | মুশায় অবিভাজ্য সম্পত্তির হেবা | ৬৬ |
| ৩.৩৬ | সম্পত্তি যেক্ষেত্রে বিভাগযোগ্য, সেক্ষেত্রে মুশা দান করা | ৬৬ |
| ৩.৩৭ | ঘটনাসাপেক্ষ দান | ৬৯ |
| ৩.৩৮ | ট্রাষ্ট প্রকৃতির শর্ত | ৬৯ |
| ৩.৩৯ | হেবা-বা-শারত-উল-ইওয়াজ/বিনিময় প্রদানের শর্তযুক্ত দান | ৭২ |
| ৩.৪০ | আরিয়াত | ৭২ |
| ৩.৪১ | সাদ্‌কা | ৭৩ |
| ৩.৪২ | [বর্তমানে প্রচলন নাই] | ৭৩ |
| ৩.৪৩ | তথ্যসূত্রসমূহ | ৭৩ |
| **৪.** | **ইসলামিক বিধানে সম্পত্তি যেভাবে উইল বা অছিয়ত করবেন:** | **৭৪** |
| ৪.১ | অছিয়তের বিধান | ৭৪ |
| ৪.২ | আয়াতের তাফসির | ৭৪ |
| ৪.৩ | অছিয়ত সম্পর্কিত মাসয়ালা | ৭৪ |
| ৪.৪ | অছিয়তের পর্যালোচনা | ৭৫ |
| **৫.** | **উইল বা অছিয়তের আইনি বিধান:** | **৭৯** |
| ৫.১ | সম্পত্তি উইল বা অছিয়ত করার নিয়ম | ৭৯ |
| ৫.২ | উইল করার যোগ্যতাসম্পন্ন ব্যক্তি | ৮০ |
| ৫.৩ | উইলের ক্ষেত্রে সীমাবদ্ধতা | ৮১ |
| ৫.৪ | উইল রদকরণ | ৮২ |
| ৫.৫ | অছিয়তের প্রকৃতি | ৮২ |
| ৫.৬ | ওয়ারিশদের অনুকূলে অছিয়ত | ৮২ |
| ৫.৭ | অজাত ব্যক্তি | ৮২ |

৫.৮ অচল অছিয়ত ৮৩
৫.৯ অছিয়তের বিষয় ৮৩
৫.১০ অছিয়তের শর্তাবলি ৮৩
৫.১১ অছিয়ত প্রত্যাহর ৮৩
৫.১২ উইল রেজিস্ট্রারের নিকট জমা রাখা যায় ৮৩
৫.১৩ অছিয়ত সম্পর্কিত আদালতের কতিপয় নজির ৮৩
৫.১৪ ভিন্ন ধর্মের অনুকূলে উইল ৮৫
৫.১৫ সম্পত্তির কত অংশ উইল করা যায় ৮৫
৫.১৬ উইল মৌখিক বা লিখিত ৮৫
৫.১৭ উইল অসিদ্ধ হওয়া ৮৫
৫.১৮ বিভিন্ন উদাহরণের মাধ্যমে উইল সম্পর্কিত বিষয়টি স্পষ্টকরণ ও উদ্ভূত সমস্যা সমাধান ৮৫

৬. **THE PROBATE PROCESS**
৬.১ What Is "Probate" ৮৮
৬.২ Initial Probate Steps ৮৮
৬.৩ The Probate Petition ৮৯
৬.৪ Requesting Appointment as Executor ৯১
৬.৫ Notice and Waivers ৯১
৬.৬ Guardians ad Litem ৯৩
৬.৭ The Hearing ৯৪
৬.৮ References ৯৫

৭. **SCOPES OF PROBATE PROCEEDINGS**
৭.১ When and Where to Bring Probate Proceedings ৯৯
৭.২ When Probate is Necessary ৯৯
৭.৩ Probate is typically required under any of the following circumstances ৯৯
৭.৪ Probate Court Jurisdiction ১০১
৭.৫ Determining Domicile ১০২
৭.৬ Filing the Will ১০৩
৭.৭ Types of Probate Administration ১০৪
৭.৮ Reference ১০৪

৮. Affidavit For Proving Attestation of Will In Proceedings For Probate By Shiva ১০৯
৯. Petition For Probate Of Will By Shiva ১১১
১০. Petition For Probate Or Letters Of Administration With The Will Annexed ১১৪

১১. Petition For Revocation Of Probate ১১৭
১২. Power Of Attorney To Obtain Letters Of Administration Or Probate By Shiva ১১৯
১৩. Objection To Petition For Grant Of Probate ১২০
১৪. Compromise In Probate Proceedings ১২২
১৫. হস্তান্তরযোগ্য দলিল রেজিস্ট্রেশন বাধ্যতামূলক
১৫.১ জমি বিক্রির দলিল রেজিস্ট্রি ১২৪
১৫.২ দলিল রেজিস্ট্রি করার সময় সতর্কতা ১২৪
১৫.৩ দলিল রেজিস্ট্রি ফি ১২৫
১৫.৪ দলিল বলতে যা বুঝায় ১২৫
১৫.৫ দলিলের পাঁচটি মৌলিক তথ্য ১২৫
১৫.৬ সম্পত্তি হস্তান্তরে যত ধরনের দলিল হতে পারে ১২৬
১৫.৭ বিক্রয়ের সংজ্ঞা ১২৬
১৫.৮ বায়নাপত্র দলিল বা বিক্রয় চুক্তি দলিল ১২৭
১৫.৯ ভায়া দলিল ১২৭
১৫.১০ হেবার ঘোষণাপত্র দলিল ১২৮
১৫.১১ দানের ঘোষণাপত্র দলিল ১২৮
১৫.১২ ভ্রম সংশোধন দলিল ১২৮
১৫.১৩ বন্ধক দলিল ১২৮
১৫.১৪ বন্ধক মুক্তি (Deed of Redemption) ১২৯
১৫.১৫ বণ্টননামা দলিল ১২৯
১৫.১৬ পাওয়ার অব অ্যাটর্নী ১২৯
১৫.১৭ অপ্রত্যাহারযোগ্য পাওয়ার অব অ্যাটর্নী ১২৯
১৫.১৮ সাধারণ পাওয়ার অব অ্যাটর্নী ১২৯
১৫.১৯ বিশেষ পাওয়ার অব অ্যাটর্নী ১২৯
১৫.২০ বহালকরণ পত্র (Deed of Confirmation) ১৩০
১৫.২১ সাফকবালা দলিল ১৩০
১৫.২২ দানপত্র দলিল ১৩০
১৫.২৩ হেবা দলিল ১৩০
১৫.২৪ হেবা বিল এওয়াজ ১৩০
১৫.২৫ হেবা বিল এওয়াজ এর উপাদানসমূহ ১৩১
১৫.২৬ না-দাবি দলিল ১৩১
১৫.২৭ দখলনামা দলিল ১৩১
১৫.২৮ রায় দলিল ১৩২
১৫.২৯ ডিক্রি দলিল ১৩২
১৫.৩০ আরজি দলিল ১৩২

১৫.৩১ আদালতযোগে সাফকবলা দলিল ১৩২
১৫.৩২ বেনামি দলিল ১৩২
১৬. বিভিন্ন ধরনের দলিলের রেজিস্ট্রি খরচসহ অন্যান্য তথ্যাবলি
১৬.১ উইল দলিলের রেজিস্ট্রি খরচসহ অন্যান্য তথ্য ১৩৩
১৬.২ হেবার/দানের ঘোষণাপত্র দলিলের খরচসহ অন্যান্য তথ্য ১৩৩
১৭. মুসলিম আইনে হেবা (দানপত্র) দলিলের নমুনা
১৭.১ মডেল : ১ ১৩৬
১৭.২ মডেল : ২ ১৩৭
১৭.৩ মডেল : ৩ ১৩৮
১৭.৪ মডেল : ৪ ১৩৯
১৮. সম্পত্তি হস্তান্তর দলিলের ফরমেট (এই ফরমেটটি ব্যবহার করে সাফ কবলা দলিল, দানপত্র দলিল, হেবার ঘোষণাপপত্র দলিল, দানের ঘোষণাপত্র দলিল, হেবাবিল এওয়াজ, এওয়াজ বা বিনিময় দলিল প্রস্তুত করা যাবে) ১৪১
১৯. হেবা দলিলের নমুনা-১ ১৪৭
হেবা দলিলের নমুনা-২ ১৫৫
২০. আলোচনাসহ সাকসেশন সার্টিফিকেটের ও প্রবেট দরখাস্তের নমুনা ১৬১
২১. একটি (কাল্পনিক) সাকশেসন সার্টিফিকেটের মামলার নমুনা ১৬৩
২২. যৌথভাবে একটি (কাল্পনিক) সাকসেশন সার্টিফিকেটের দরখাস্তের নমুনা ১৬৫
২৩. প্রবেট মোকদ্দমা ও দরখাস্তের নমুনা ১৬৭
২৪. একটি (কাল্পনিক) প্রবেট মোকদ্দমার নমুনা ১৬৯
২৫. অছিয়তনামা বা উইল দলিলের নমুনা (মডেল) ১৭৭
২৬. উইল (হিন্দু) দলিল মুসাবিদা ১৮০
২৭. THE WILLS AND INTESTACY REGULATION, 1799 ১৮৩
২৮. উইল প্রবেট সংক্রান্ত সম্পর্কিত উচ্চ আদালতের গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ ১৮৭
২৯. **The Indian Probate and Administration Act, 1977** ২১২
৩০. উত্তরাধিকার আইন, 1925 (The Succession Act, 1925); [১৯২৫ সনের ৩৯নং আইন, প্রকাশ: ৩০ সেপ্টেম্বর, ১৯২৫] [সম্পূর্ণ বাংলায়]
৩১. উইল প্রবেট সংক্রান্ত উচ্চতর আদালতের গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ

## দ্বিতীয় অংশ

# সূচিপত্র

# উত্তরাধিকার আইন, ১৯২৫

## (The Succession Act, 1925)

[১৯২৫ সনের ৩৯নং আইন]

[সম্পূর্ণ বাংলায়]

[৩০ সেপ্টেম্বর, ১৯২৫]

সূচিপত্র

### খন্ড-১ (Part 1)

### প্রাথমিক (Preliminary)


১। সংক্ষিপ্ত শিরোনাম ২১৪

২। সংজ্ঞা ২১৪

৩। এই আইনের প্রয়োগ হতে কোনো জাতি, গোষ্ঠী বা উপজাতিকে অব্যাহতি দানে সরকারের ক্ষমতাবলী ২১৫


### খন্ড-২ (Part II)

### স্থায়ী নিবাস সম্পর্কিত (Of Domicile)


৪। এই অধ্যায়ের প্রয়োগ ২১৫

৫। মৃত ব্যক্তির যথাক্রমে স্থাবর ও অস্থাবর সম্পত্তিতে উত্তরাধিকার নিয়ন্ত্রণকারী আইন ২১৫

৬। শুধুমাত্র একটি স্থায়ী আবাস অস্থাবর সম্পত্তিতে উত্তরাধিকার প্রভাবিত করে ২১৬

৭। বৈধভাবে জন্মগ্রহণকারী ব্যক্তির উৎপত্তির স্থায়ী আবাস ২১৬

৮। অবৈধ সন্তানের মূল স্থায়ী নিবাস ২১৬

৯। মূলস্থায়ী নিবাসের স্থায়িত্ব (Continuance) ২১৬

১০। নতুন স্থায়ী নিবাস অর্জন ২১৬

১১। বাংলাদেশে স্থায়ী নিবাস গ্রহণের বিশেষ পদ্ধতি ২১৭
১২। বিদেশি সরকারের প্রতিনিধি বা তাহার পরিবারের অংশ হিসাবে আবাসের মাধ্যমে স্থায়ী নিবাস গ্রহণ করা যাবে না ২১৭
১৩। নতুন স্থায়ী নিবাসের স্থায়িত্ব ২১৭
১৪। নাবালকের স্থায়ী নিবাস ২১৭
১৫। বিবাহের ফলে মহিলা কর্তৃক অর্জিত স্থায়ী নিবাস ২১৭
১৬। বিবাহ চলাকালে স্ত্রীর স্থায়ী নিবাস ২১৭
১৭। নাবালকের নতুন স্থায়ী নিবাস অর্জন ২১৭
১৮। পাগলের নতুন স্থায়ী নিবাস অর্জন ২১৭
১৯। অন্য কোথাও স্থায়ী নিবাস প্রমাণের অবর্তমানে বাংলাদেশে অস্থাবর সম্পত্তিতে উত্তরাধিকার ২১৮

**খন্ড-৩ (Part III)**

**বিবাহ (Marriage)**

২০। বিবাহ দ্বারা স্বার্থ ও অধিকার অর্জিত হবে না কিংবা নষ্ট হবে না ২১৮
২১। বাংলাদেশে স্থায়ীভাবে নিবাসিত এবং স্থায়ীভাবে নিবাসিত নয় এরূপ ব্যক্তির মধ্যকার বিবাহের ফল ২১৮
২২। বিবাহ প্রত্যাশী নাবালকের সম্পত্তি বন্দোবস্তকরণ ২১৮

**খন্ড-৪ (Part IV)**

**সগোত্রতা সম্পর্কে (of Consanguinity)**

২৩। এই ভাগের প্রয়োগ ২১৮
২৪। জাতি বা সগোত্রতা ২১৯
২৫। সরাসরি সগোত্রতা ২১৯
২৬। আনুষঙ্গিক সগোত্রতা ২১৯
২৭। উত্তরাধিকারের উদ্দেশ্যে ব্যক্তিগত মৃত ব্যক্তির সহিত একইভাবে সংশ্লিষ্ট হবে ২১৯
২৮। জ্ঞাতির ধাপ গণনার পদ্ধতি ২১৯

**খন্ড-৫ (Part V)**

**অকৃত উইল সম্পর্কিত উত্তরাধিকার (Intestate Succession)**

**অধ্যায়-এক (Chapter I)**

**প্রাথমিক (Preliminary)**

২৯। এই ভাগের প্রয়োগ ২২০
৩০। মৃত ব্যক্তি কোনো সম্পত্তি উইলবিহীন অবস্থায় রাখিয়া মারা গিয়াছে সম্পর্কে ২২০

## অধ্যায়–দুই (Chapter II)
## পার্সি ব্যতীত অকৃত উইলের ক্ষেত্রে বিধিমালা
## (Rules In Cases Of Intestates Other Than Parsis)


৩১। পার্সিদের ক্ষেত্রে এই অধ্যায় প্রযোজ্য হবে না ২২১
৩২। এরূপ সম্পত্তি বর্ণানো ২২১
৩৩। যেক্ষেত্রে অকৃত উইলকারী বিধবা স্ত্রী এবং সরাসরি (বা প্রত্যক্ষ) বংশধর, বা শুধুমাত্র বিধবা স্ত্রী বা জ্ঞাতি বা বিধবা স্ত্রী এবং কোনো জ্ঞাতি নয়, রাখিয়া গিয়েছেন ২২১
৩৩ক। যেক্ষেত্রে অকৃত উইলকারী বিধবা স্ত্রী রাখিয়া গিয়েছেন এবং কোনো সরাসরি বংশধর রাখিয়া যান নাই সেক্ষেত্রে বিশেষ বিধান ২২১
৩৪। যেক্ষেত্রে অকৃত উইলকারী বিধবা কোনো স্ত্রী এবং কোনো জ্ঞাতি রাখিয়া যান নাই ২২২
৩৫। বিপত্নীকের অধিকার ২২২


### সরাসরি বংশধর থাকিলে বণ্টন
### Distribution where there are lineal descendants


৩৬। বণ্টন বিধি ২২২
৩৭। যেক্ষেত্রে অকৃত উইলকারী শুধুমাত্র একটি সন্তান বা একাধিক সন্তান রাখিয়া যান ২২২
৩৮। যেক্ষেত্রে অকৃত উইলকারী এক বা একাধিক পৌত্র-পৌত্রী ছাড়া কোনো সন্তান রাখিয়া যান নাই ২২২
৩৯। যেক্ষেত্রে অকৃত উইলকারী শুধুমাত্র প্রপৌত্র-পৌত্রী বা দূরবর্তী সরাসরি বংশধর রাখিয়া গিয়াছেন ২২৩
৪০। যে ক্ষেত্রে অকৃত উইলকারী সরাসরি বংশধর রাখিয়া যান যাহারা তাহার জ্ঞাতির একই ধাপে নয় এবং যাহাদের মাধ্যমে দূরবর্তী বংশধর মৃত ২২৩


### সরাসরি বংশধর না থাকিলে বণ্টন নীতি
### (Distribution where there are no lineal descendants)


৪১। অকৃত উইলকারী সরাসরি বংশধর রাখিয়া না গেলে বণ্টননীতি ২২৪
৪২। যেক্ষেত্রে অকৃত উইলকারীর পিতা জীবিত ২২৪
৪৩। যেক্ষেত্রে অকৃত উইলকারীর পিতা মৃত, কিন্তু তাহার মাতা, ভাই এবং বোন জীবিত ২২৪
৪৪। অকৃত উইলকারীর পিতা এবং তাহার মাতা মৃত থাকেন; ভাই বা বোন এবং কোনো ভাইয়ের বা বোনের সন্তানাদি জীবিত থাকেন ২২৪
৪৫। যেক্ষেত্রে অকৃত উইলকারীর পিতা মৃত এবং তাহার মাতা এবং এক ভাই বা বোন কোনো মৃতের ভাই বা বোনের সন্তানগণ জীবিত ২২৫

২৫২। ব্যবস্থাপকের বিরুদ্ধে দায়েরকৃত মামলায় পক্ষ হওয়ার উদ্দেশ্যে সীমিত ব্যবস্থাপনা ২৯১
২৫৩। মৃত ব্যক্তির সম্পত্তি সংগ্রহ এবং সংরক্ষণে ব্যবস্থাপনা সীমিত থাকবে ২৯১
২৫৪। সাধারণ অবস্থায় ব্যবস্থাপনায় অধিকারী হইত এরূপ ব্যতীত অন্যকোন ব্যক্তিকে ব্যবস্থাপক হিসাবে নিয়োগ দান ২৯২

ব্যতিক্রমসহ মঞ্জুর (Grants with exception)

২৫৫। ব্যতিক্রম সাপেক্ষে সংযুক্ত উইলসহ প্রবেট বা ব্যবস্থাপনা ২৯২
২৫৬। ব্যতিক্রমসহ ব্যবস্থাপনা ২৯২

অবশিষ্টের মঞ্জুর (Grants of the rest)

২৫৭। অবশিষ্টের প্রবেট বা ব্যবস্থাপনা ২৯২

ব্যবস্থাপনাহীন বিষয় মঞ্জুর (Grant of effects unadministered)

২৫৮। ব্যবস্থাপনাহীন বিষয় মঞ্জুর ২৯২
২৫৯। ব্যবস্থাপনাহীন বিষয়ের মঞ্জুর সম্পর্কে বিধি ২৯২
২৬০। সীমিত মঞ্জুর অতিক্রান্ত এবং ভূ-সম্পত্তির কিছু অংশ এখনো ব্যবস্থাপনাহীন, সেক্ষেত্রে ব্যবস্থাপনা ২৯৩

অধ্যায়–তিন (Chapter III)
মঞ্জুর পরিবর্তন এবং প্রত্যাহার
(Alteration and Revocation of Grants)

২৬১। কোনো ভুল আদালতের মাধ্যমে সংশোধন করা যাবে ২৯৩
২৬২। ব্যবস্থাপনা মঞ্জুরের পরে সংযুক্ত উইলসহ আবিষ্কৃত কডিসিলের ক্ষেত্রে পদ্ধতি ২৯৩
২৬৩। সঠিক কারণবশত প্রত্যাহার বা বাতিল ২৯৩

অধ্যায়–চার (Chapter IV)
প্রবেট এবং ব্যবস্থাপনাপত্র মঞ্জুর এবং প্রত্যাহারের প্রথা সম্পর্কিত
(Of The Practice In Granting And Revoking Probates And Letters Of Administration)

২৬৪। প্রবেট প্রভৃতি মঞ্জুর এবং প্রত্যাহারে জেলা জজের এখতিয়ার ২৯৪
২৬৫। বিরোধহীন ক্ষেত্রে কারবারে জেলা জজের প্রতিনিধি নিয়োগের ক্ষমতা ২৯৪
২৬৬। প্রবেট এবং ব্যবস্থাপনা মঞ্জুর সম্পর্কে জেলা জজের ক্ষমতা ২৯৪

| | | |
|---|---|---|
| ২৬৭। | উইল সংক্রান্ত কাগজপত্রাদি দাখিলে জেলা জজ কোনো ব্যক্তিকে আদেশ দিতে পারবে | ২৯৪ |
| ২৬৮। | প্রবেট এবং ব্যবস্থাপনা সংক্রান্ত জেলা জজ আদালতের কার্যধারা | ২৯৫ |
| ২৬৯। | কখন এবং কিভাবে সম্পত্তি সংরক্ষণে জেলা জজ হস্তক্ষেপ করবে | ২৯৫ |
| ২৭০। | জেলা জজ কখন প্রবেট বা ব্যবস্থাপনাপত্র মঞ্জুর করতে পারবে | ২৯৫ |
| ২৭১। | মৃত ব্যক্তির নির্দিষ্ট কোনো আবাসস্থল থাকিলে জেলা জজের নিকটকৃত দরখাস্ত নিষ্পত্তি | ২৯৫ |
| ২৭২। | প্রতিনিধি প্রবেট এবং ব্যবস্থাপনাপত্র মঞ্জুর করতে পারবেন | ২৯৫ |
| ২৭৩। | প্রবেট বা ব্যবস্থাপনাপত্রের চূড়ান্ততা | ২৯৫ |
| ২৭৪। | ২৭৩ ধারার অনুবিধির অধীনে মঞ্জুরীকৃত সার্টিফিকেট হাইকোর্ট বিভাগে প্রেরণ | ২৯৬ |
| ২৭৫। | উপযুক্তভাবে কৃত এবং সত্যায়িত হইলে প্রবেট বা ব্যবস্থাপনার দরখাস্তে চূড়ান্ততা | ২৯৬ |
| ২৭৬। | প্রবেটের জন্য পিটিশন | ২৯৬ |
| ২৭৭। | কোনো ক্ষেত্রে পিটিশনের সাথে উইলের অনুবাদ সংযুক্ত করতে হবে। কোর্ট অনুবাদক ব্যতীত অন্য কোনো ব্যক্তির দ্বারা অনুবাদের প্রত্যায়ন | ২৯৭ |
| ২৭৮। | ব্যবস্থাপনাপত্রের জন্য পিটিশন | ২৯৭ |
| ২৭৯। | কতিপয় ক্ষেত্রে প্রবেট বা ব্যবস্থাপনার জন্য পিটিশন প্রভৃতিতে বিবৃতি সংযোজন | ২৯৭ |
| ২৮০। | প্রবেট, প্রভৃতির জন্য পিটিশন স্বাক্ষরিত এবং সত্যায়িত হবে | ২৯৭ |
| ২৮১। | উইলের একজন সাক্ষীর দ্বারা প্রবেটের জন্য পিটিশনের সত্যায়ন | ২৯৭ |
| ২৮২। | পিটিশন বা ঘোষণায় মিথ্যা বর্ণনার শাস্তি | ২৯৮ |
| ২৮৩। | জেলা জজের ক্ষমতা | ২৯৮ |
| ২৮৪। | প্রবেট বা ব্যবস্থাপনা মঞ্জুরের বিরুদ্ধে আদালতের বিজ্ঞাপন (Caveat) | ২৯৮ |
| ২৮৫। | ক্যাভিয়েট এন্ট্রির পরে ক্যাভিয়েটরকে নোটিশ না দেওয়া পর্যন্ত কোনো কার্যধারা গ্রহণ করা যাবে না | ২৯৮ |
| ২৮৬। | জেলা প্রতিনিধি কখন প্রবেট বা ব্যবস্থাপনা মঞ্জুর করতে পারবেন | ২৯৮ |
| ২৮৭। | কোনো বিবাদ না থাকিলে সন্দেহজনক ক্ষেত্রে জেলা জজের নিকট বিবৃতি প্রেরণের ক্ষমতা | ২৯৯ |
| ২৮৮। | বিবাদ থাকিলে অথবা জেলা প্রতিনিধি তাহার আদালতে প্রবেট বা ব্যবস্থাপনাপত্র প্রত্যাখান করা উপযুক্ত মনে করিলে, সেক্ষেত্রে পদ্ধতি | ২৯৯ |
| ২৮৯। | কোর্টের সীলমোহরের প্রবেট মঞ্জুর করতে হবে | ২৯৯ |
| ২৯০। | আদালতের সীলমোহরে ব্যবস্থাপনাপত্র মঞ্জুর করতে হবে | ২৯৯ |
| ২৯১। | ব্যবস্থাপনা বন্ড | ২৯৯ |

২৯২। ব্যবস্থাপনা মুচলেকা স্বত্বনিয়োগ ৩০০
২৯৩। প্রবেট এবং ব্যবস্থাপনা মঞ্জুরের সময় ৩০০
২৯৪। মূল উইলের দাখিল ৩০০
২৯৫। বিবাদপূর্ণ ক্ষেত্রে পদ্ধতি ৩০০
২৯৬। প্রত্যাহৃত প্রবেট বা ব্যবস্থাপনা সমর্পণ ৩০০
২৯৭। প্রবেট বা ব্যবস্থাপনা প্রত্যাহারের পূর্বে নির্বাহক বা ব্যবস্থাপককে প্রদান ৩০০
২৯৮। ব্যবস্থাপনাপত্র অস্বীকারের ক্ষমতা ৩০০
২৯৯। জেলা জজের আদেশের বিরুদ্ধে আপিল ৩০১
৩০০। হাইকোর্ট ডিভিশনের সমরূপ এক্তিয়ার ৩০১
৩০১। নির্বাহক বা ব্যবস্থাপকের অপসারণ এবং উত্তরাধিকারের বিধান ৩০১
৩০২। নির্বাহক বা ব্যবস্থাপকের বিবেচনা ৩০১

## অধ্যায়–পাঁচ (Chapter V)
## নিজেদের ভুলের নির্বাহকগণ সম্পর্কে
## (Of Executors Of Their Own Wrong)

৩০৩। নিজের ভুলের নির্বাহক ৩০১
৩০৪। নিজের ভুল বিষয়ে নির্বাহকে দায় ৩০২

## অধ্যায়–ছয় (Chapter VI)
## নির্বাহক বা ব্যবস্থাপকের ক্ষমতা
## (Of The Powers Of An Executor Or Administrator)

৩০৫। মৃত ব্যক্তির বিদ্যমান মামলার কারণ এবং মৃত্যুকে দেয় দেনা বিষয়ে ৩০২
৩০৬। মৃত ব্যক্তি এবং নির্বাহক বা ব্যবস্থাপকের বিরুদ্ধে মামলার অধিকার এবং দাবি ৩০২
৩০৭। সম্পত্তি বিলিব্যবস্থা করার জন্য নির্বাহক বা ব্যবস্থাপকের ক্ষমতা ৩০২
৩০৮। ব্যবস্থাপনার সাধারণ ক্ষমতা ৩০৩
৩০৯। কমিশন বা প্রতিনিধিত্ব চার্জ ৩০৩
৩১০। নির্বাহক বা ব্যবস্থাপক কর্তৃক মৃতের সম্পত্তি ক্রয় ৩০৩
৩১১। কতিপয় নির্বাহক বা ব্যবস্থাপকের ক্ষমতা একজনের দ্বারা প্রয়োগযোগ্য ৩০৩
৩১২। কতিপয় নির্বাহক বা প্রশাসকের কোনো একজনের মৃত্যুতে বিদ্যমান ক্ষমতা ৩০৪
৩১৩। ব্যবস্থাপকের অব্যবস্থাপিত বিষয়ের ক্ষমতা ৩০৪
৩১৪। নাবালকত্বকালে ব্যবস্থাপকের ক্ষমতা ৩০৪
৩১৫। বিবাহিত নির্বাহক বা ব্যবস্থাপকের ক্ষমতা ৩০৪

## অধ্যায়–সাত (Chapter VII)
## নির্বাহক বা ব্যবস্থাপকের কর্তব্য সম্পর্কে
## (Of The Duties Of An Executor Or Administrator)


৩১৬। মৃতের অন্ত্যেষ্টিক্রিয়া সম্পর্কে ৩০৪
৩১৭। তালিকা এবং হিসাব ৩০৪
৩১৮। কতিপয় ক্ষেত্রে তালিকা বাংলাদেশের কোনো অংশের সম্পত্তির অন্তর্ভুক্ত করবে ৩০৫
৩১৯। মৃতের সম্পত্তি এবং দেনা সম্পর্কে ৩০৫
৩২০। সমস্ত দেনার পূর্বে খরচ প্রদান করতে হবে ৩০৫
৩২১। উক্ত খরচের পরে অন্যান্য খরচ পরিশোধ করতে হবে ৩০৫
৩২২। কতিপয় সেবার জন্য মুজুরী পরে পরিশোধ করতে হবে এবং তারপর অন্যান্য দেনা ৩০৫
৩২৩। পূর্বোক্ত ব্যতীত সকল দেনা সমান হারে পরিশোধ করতে হবে ৩০৫
৩২৪। দেনা পরিশোধে স্থাবর সম্পত্তির প্রয়োগ যেক্ষেত্রে স্থায়ী নিবাস বাংলাদেশে নয় ৩০৫
৩২৫। উত্তরদায়ের পূর্বে দেনা পরিশোধ করতে হবে ৩০৬
৩২৬। অব্যাহতি ছাড়া নির্বাহক বা ব্যবস্থাপক উত্তরদায় পরিশোধে বাধ্য নয় ৩০৬
৩২৭। সাধারণ উত্তরদায়ের হ্রাস ৩০৬
৩২৮। সম্পত্তি দেনা পরিশোধে পর্যাপ্ত হইলে সুনির্দিষ্ট উত্তরদায়ের হ্রাসহীনা ৩০৬
৩২৯। নির্দেশার্থক উত্তরদায়ের অধীনে অধিকার যখন সম্পত্তি দেনা এবং প্রয়োজনীয় খরচ পরিশোধে পর্যাপ্ত ৩০৬
৩৩০। সুনির্দিষ্ট উত্তরদায়ের আনুপাতিক হ্রাস ৩০৬
৩৩১। কমানোর উদ্দেশ্যে উত্তরদায়কে সাধারণ হিসাবে গণ্য করতে হবে ৩০৭


## অধ্যায়–আট (Chapter VIII)
## নির্বাহক বা ব্যবস্থাপকের দ্বারা উত্তরদায়ে সম্পত্তি
## (Of Assent To A Legacy By Executor Or Administrator)


৩৩২। উত্তরদায় গ্রহীতার স্বত্ব পূর্ণ করতে প্রয়োজনীয় সম্পত্তি ৩০৭
৩৩৩। সুনির্দিষ্ট উত্তরদায়ে নির্বাহকের সম্মতির ফল ৩০৭
৩৩৪। শর্তসাপেক্ষ সম্মতি ৩০৮
৩৩৫। নিজস্ব উত্তরদায়ে নির্বাহকের সম্মতি ৩০৮
৩৩৬। নির্বাহকের সম্মতির ফল ৩০৮
৩৩৭। কখন নির্বাহককে উত্তরদায় অর্পণ করতে হয় ৩০৮

## অধ্যায়–নয় (Chapter IX)
## ভাতা পরিশোধ এবং বণ্টন সম্পর্কে
## (Of The Payment And Apportionment Of Annuities)


৩৩৮। উইলের দ্বারা সময় নির্ধারিত না থাকিলে ভাতার আরম্ভ ৩০৯

৩৩৯। কখন ষান্মাসিক বা মাসিক হারে ভাতা প্রদান করতে হবে ৩০৯

৩৪০। অনুক্রমিক পরিশোধের তারিখ যখন নির্দিষ্ট সময়ের মধ্যে অথবা নির্দিষ্ট দিনে প্রথম পরিশোধে নির্দেশ থাকেঃ পরিশোধের পূর্বে ভাতা গ্রহণকারীর মৃত্যু ৩০৯


## অধ্যায়–দশ (Chapter X)
## উত্তরদায়ের জন্য প্রদত্ত তহবিলে বিনিয়োগ
## (Of The Investment Of Funds To Provide For Legacies)


৩৪১। দানকৃত অর্থের বিনিয়োগ যেক্ষেত্রে সুনির্দিষ্টহীন উত্তরদায় আজীবনের জন্য প্রদত্ত ৩০৯

৩৪২। সাধারণ উত্তরদায়ের বিনিয়োগ ভবিষ্যতে পরিশোধ করতে হবে মধ্যবর্তী সুদের বিলিব্যবস্থা ৩০৯

৩৪৩। কোনো তহবিল ভাতার সহিত চার্জকৃত কিংবা বণ্টিত না হইলে পদ্ধতি ৩০৯

৩৪৪। অবশিষ্টভোগী উত্তরদায়গ্রহীতাকে শর্তসাপেক্ষ দান হস্তান্তর ৩১০

৩৪৫। বিশেষ সিকিউরিটিজে বিনিয়োগের নির্দেশ ব্যতীত আজীবনের জন্য দানকৃত অবশিষ্টাংশের বিনিয়োগ ৩১০

৩৪৬। সুনির্দিষ্ট সিকিউরিটিজে বিনিয়োগ করিবার নির্দেশসহ দানকৃত অবশিষ্টাংশের বিনিয়োগ ৩১০

৩৪৭। রূপান্তর এবং বিনিয়োগের সময় ক্রয় পদ্ধতি ৩১০

৩৪৮। নাবালক তাৎক্ষণিক পরিশোধ বা দানের দখলের অধিকারী হইলে পদ্ধতি এবং তাহার পক্ষে ব্যক্তিকে পরিশোধের কোনো নির্দেশ না থাকিলে ৩১০


## অধ্যায়–এগারো (Chapter XI)
## উত্তরদায়ের লাভ এবং সুদ
## (Of The Produce And Interest Of Legacies)


৩৪৯। সুনির্দিষ্ট উত্তরদায়ের লাভে উত্তরদায় গ্রহীতার স্বত্ব ৩১১

৩৫০। অবশিষ্ট তহবিলের লাভে অবশিষ্টভোগী উত্তরদায় গ্রহীতার গড় ৩১১

৩৫১। যখন সাধারণ উত্তরদায়ের পরিশোধের জন্য কোনো সময় নির্দিষ্ট নয় ৩১১

৩৫২। নির্দিষ্ট সময়ের ক্ষেত্রে সুদ ৩১২

৩৫৩। সুদের হার ৩১২

৩৫৪। উইলকারীর মৃত্যুর পর প্রথম বছরের মধ্যে বার্ষিক ভাতার উপর কোনো সুদ হবে না ৩১২
৩৫৫। বার্ষিক ভাতা হ্রাসে বিনিয়োগে তাহার উপর সুদ ৩১২

### অধ্যায়–বারো (Chapter XII)
### উত্তর দায় হ্রাস (Of The Refunding of Legacies)

৩৫৬। আদালতের আদেশে প্রদত্ত উত্তরদায় ফেরৎ দান ৩১২
৩৫৭। স্বেচ্ছামূলকভাবে পরিশোধের ক্ষেত্রে কোনো ফেরতদান হবে না ৩১২
৩৫৮। ১৩৭ ধারার অধীনে অধিক সময় প্রদানের মধ্যে শর্তপূরণ হইলে দেয় উত্তরদায় ফেরতদান ৩১২
৩৫৯। কখন প্রত্যেক উত্তরদায়গ্রহীতা আনুপাতিকভাবে ফেরতদানে বাধ্য ৩১২
৩৬০। সম্পত্তি বন্টন ৩১৩
৩৬১। পাওনাদার ফেরৎদানে উত্তরদায়গ্রহীতকে আহ্বান করতে পারবেন ৩১৩
৩৬২। ৩৬১ ধারার অধীনে ফেরৎদানে সন্তুষ্ট বা বাধ্য না হইয়া যখন উত্তরদায়গ্রহীতা অন্যজনকে পূর্ণভাবে পরিশোধিত ফেরৎদানে বাধ্য করতে পারবেন না ৩১৩
৩৬৩। কখন সন্তুষ্ট উত্তরদায়গ্রহীতা দেউলিয়া হওয়া নির্বাহকের বিরুদ্ধে প্রথমে অগ্রসর হবেন ৩১৩
৩৬৪। একজন উত্তরদায়গ্রহীতা অন্যজনকে ফেরৎদানের সীমা ৩১৩
৩৬৫। ফেরৎদান সুদ ব্যতীত হবে ৩১৩
৩৬৬। অবশিষ্টভোগী উত্তরদায়গ্রহীতাকে স্বাভাবিক পরিশোধের পরে অবশিষ্ট অংশ ৩১৪
৩৬৭। স্থায়ী নিবাসের দেশে নির্বাহক বা ব্যবস্থাপকের নিকট বণ্টনের জন্য পাকিস্তান হইতে সম্পদের হস্তান্তর ৩১৪

### অধ্যায়–তেরো (Chapter XIII)
### ধ্বংসের জন্য নির্বাহক বা ব্যবস্থাপকের দায়দায়িত্ব (Of The Liability Of An Executor Or Administrator For Devastation)

৩৬৮। ধ্বংসের নির্বাহক বা ব্যবস্থাকের দায়-দায়িত্ব ৩১৪
৩৬৯। সম্পত্তির কোনো অংশ লাভে নির্বাহক বা ব্যবস্থাপকের অবহেলায় দায়-দায়িত্ব ৩১৪

## খন্ড-১০ (Part X)
## উত্তরাধিকার সার্টিফিকেট (Succession Certificates)

৩৭০। এই ভাগের অধীনে সার্টিফিকেট মঞ্জুরের বাধা-নিষেধ ৩১৫

# প্রবেট আইনের ধারণা, সংজ্ঞা, মামলা ও উইল বাস্তবায়নে প্রবেট বিধি

**১.১. প্রবেট (Probate) বলতে যা বুঝায়ঃ**
প্রবেট (Probate): Probate. প্রবেট, ইচ্ছাপত্র-প্রমাণক ইচ্ছাপত্রে নিযুক্ত নির্বাহীর আবেদনক্রমে আদালত কর্তৃক তাঁহার বরাবরে প্রদত্ত এই মর্মে প্রত্যয়নপত্র যে, ইচ্ছাপত্রটি বৈধ এবং নির্বাহী মৃত্যু ব্যক্তির সম্পদের ব্যবস্থাপনা করিবার জন্য ক্ষমতাপ্রাপ্ত। উত্তরাধিকার আইনের ২(চ) ধারা অনুসারে, প্রবেট বা ইচ্ছাপত্র-প্রমাণক অর্থ উপযুক্ত এখতিয়ারসম্পন্ন আদালতের সিলমোহর দ্বারা প্রত্যয়িত ইচ্ছাপত্রের অনুলিপিমূলে ইচ্ছাপত্রকারীর সম্পদের ব্যবস্থাপনার মঞ্জুরিপত্র।

**১.২. প্রবেট (Probate)-এর সংজ্ঞাঃ** 'প্রবেট' (Probate) অর্থ উইলকারীর ভূ-সম্পত্তির পরিচালনা মঞ্জুর সম্পর্কিত উপযুক্ত এক্তিয়ার সম্পন্ন আদালতের সীলমোহরে সত্যায়িত উইলের অনুলিপি।

অথবা, আদালতের যে কার্যাবলির মাধ্যমে কোন ব্যক্তির ইচ্ছাপত্র (উইল) বৈধ বা অবৈধ নির্ধারণ করা হয়। তাহাই মূলত প্রবেট (Probate)।

অন্যভাবে বলতে পারি, অছিয়ত বা উইল সরকারিভাবে কার্যকর করতে হলে আদালত থেকে যে স্বীকৃতিপত্র নিতে হয় তাকে প্রবেট (Probate) বলে।

**১.৩. প্রবেট (Probate)-এর ব্যাখাঃ** প্রবেট (Probate) সাধারণত উইল সম্পর্কিত আদালতের সার্টিফাইড কপি, যাহা মৃত ব্যক্তির সত্যিকারের শেষ ইচ্ছাপত্র বা উইল (wills) হিসেবে পরিচিত। কোনো ব্যক্তি উইলমূলে কোনো সম্পত্তি পেলে দাতার মৃত্যুর পর তা আপনা-আপনি কার্যকর হয় না। যার অনুকূলে উইল সম্পাদন করা হয়েছে তিনি ওই উইল দাখিল করে সংশ্লিষ্ট আদালতে দরখাস্ত দ্বারা স্বতঃসিদ্ধ (প্রবেট) করে নিবেন। এটিনা নেয়া হলে আদালত অছিয়ত গ্রাহ্য নাও করতে পারে। তবে, প্রবেট মুসলিম উইলে অবশ্যকীয় নয়।

**Probate—Its meaning.**
In substance probate means copy of the will certified under the seal of a Court of competent jurisdiction that a grant of administration to

the estate of the Testator (vidc the dcfmition of probate in section 2 of the Succession Act). In the absence of an executor an universal or residuary legatee can apply for letter of administration.

Khitindra Chandra Bhattacharya Vs. Jalada Devi (1983) 35 DLR (AD) 102 (103).

**১.৪. প্রবেট বা ইচ্ছাপত্র-প্রমাণক সম্পর্কিত মামলা (ProbateAction) বলতে যা বুঝায়:**

প্রবেট বা ইচ্ছাপত্র-প্রমাণক সম্পর্কিত মামলা (Probate Action) হলো কোন ইচ্ছাপত্র বৈধ কি না, তাহা নির্ধারণ অথবা পূর্বে মঞ্জুরিকৃত ইচ্ছাপত্র-প্রমাণক বাতিল করিবার জন্য আদালতে আনীত কার্যধারা। উত্তরাধিকার আইনের ২৬৪ ধারা অনুসারে, জেলাজজ ইচ্ছাপত্র-প্রমাণক অথবা প্রশাসনপত্র মঞ্জুর বা বাতিল করতে পারেন। উক্ত আইনের ২৬৫ ধারা অনুসারে জেলা প্রতিনিধি ইচ্ছাপত্র-প্রমাণক সম্পর্কিত অথবা প্রশাসন সংক্রান্ত একতরফা কার্যধারার বিচার করেন।

Proceedings of the District Judge and the District Delegate in respect of grant of probate and Letters of Administration are not the same. District Delegates appointed under section 265 can grant probate and Letters of Administration only "in non-contentious issues". Power of District Delegate under sections 265, 272 and 286 of the Act is strictly confined to non-contentious issues.

Kalpana Das Gupta vs Bangladesh 40 DLR (HCD) 373.

**১.৫. উইল প্রবেট:**

কোন উইল সরকারিভাবে কায়েম করতে হলে আদালতের কাছ হতে যে স্বীকৃতি নিতে হয় তাকেই প্রবেট বলে। প্রবেট ছাড়া আদালত উইল নাও গ্রহণ করতে পারেন। একজন মুসলমান কর্তৃক সম্পাদিত উইল যখন যথাযথ প্রমাণ দ্বারা প্রমাণিত হবে, তখন কোন প্রবেট লাভ না করলেও তা সাক্ষ্য হিসেবে গৃহীত হবে।

উইল বা অছিয়তের মাধ্যমে হিন্দু সম্প্রদায়ের কোন ব্যক্তি তার জীবদ্দশায় কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নামে তার সম্পত্তি উইল করে গেলে উইলটি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট এখতিয়ারবান দেওয়ানি আদালতের অনুমোদন লাগবে, এরূপ অনুমোদন নেয়াকেই বলে উইল প্রবেট। প্রবেট মুসলিম উইলে আবশ্যকীয় নয়।

প্রবেটের জন্য আদালতে আবেদন করা হলে অপরাপর ওয়ারিশদের মতামত জানার জন্য আদালত হতে নোটিশ দেয়া হয়, এ সময় ওয়ারিশগণ উইলের বিরুদ্ধে অসম্মতি জানাতে পারেন। এছাড়া আদালত কালেক্টরের নিকট সম্পত্তির কোর্ট ফি সঠিক আছে কিনা, সম্পত্তিটি সরকারের কিনা, সম্পত্তিটি উইলদাতার কিনা, এতে আর কারো স্বার্থ আছে কিনা ইত্যাদি জানতে চেয়ে থাকেন।

# উইল বাস্তবায়নে প্রবেট বিধি'র প্রয়োগ

**২.১. উইল বাস্তবায়নে প্রবেট বিধিঃ**

কোনো ব্যক্তি মৃত্যুর আগে ইচ্ছাপত্র মূলে কাউকে সম্পত্তি অর্পণ করলে তা উইল বলে। দাতার মৃত্যুর পর উইল কার্যকর হয়। যিনি সম্পত্তি উইল করেছেন তিনি জীবিতাবস্থায় একের অধিক উইল করে থাকলে যে উইলটি সর্বশেষ করা হয়েছে তা কার্যকর হবে। উইলকারী জীবিতাবস্থায় তাঁর সম্পত্তি দান, বিক্রয়সহ সব ধরনের হস্তান্তরের ক্ষমতার অধিকারী। উইলকারী মৃত্যুকালে উইলভুক্ত যে সম্পত্তির মালিক ছিলেন, মৃত ব্যক্তির কৃত উইল সেই সম্পত্তিতেই সীমাবদ্ধ থাকবে। কোনো ব্যক্তি উইলমূলে কোনো সম্পত্তি পেলে দাতার মৃত্যুর পর আপনা-আপনি কার্যকর হয় না। যার অনুকূলে উইল সম্পাদন করা হয়েছে তিনি ওই উইল দাখিল করে আদালতে দরখাস্ত দ্বারা স্বতঃসিদ্ধ (প্রবেট) করে নিবেন। উইলমূলে স্বতঃসিদ্ধ করার বা প্রবেটের দরখাস্ত দাখিল করে প্রবেট বিজ্ঞাপনী (Notice) যথাযথ নিয়মে জারি করাতে হয়। এ জন্য প্রথমে দরখাস্ত প্রতিজ্ঞাপত্র (Affidavit) সম্পাদন করে আদালতে দাখিল করতে হয়। উইলকারী একের অধিক ব্যক্তির অনুকূলে সম্পত্তি উইল করে থাকলে প্রবেট নেওয়ার সময় যার ওপর সম্পত্তি পরিচালনার ভার অর্পিত হবে তিনি পরিচালক (Adminstator) নিযুক্ত হবেন। প্রকৃত উইল নিবন্ধনের (Registation) পর প্রবেটসহ আদালত থেকে দরখাস্তকারী পাবে। আদালত থেকে উইলের নকল নেওয়ার প্রয়োজন হলে স্বার্থবান ব্যক্তিকে প্রথমে প্রতিজ্ঞাপত্র (Affidavit) যুক্ত দরখাস্ত দ্বারা আদালতের অনুমতি প্রার্থনা করতে হবে। অনুমতি পেলে অতঃপর আদালতে নকলের জন্য দরখাস্ত করবেন। উইলের প্রবেট (উইল বলে স্বতঃসিদ্ধির আদেশনামা) নিতে আদালত মাসুল (কোর্ট ফি) দিতে হবে। এই কোর্ট ফি সম্পত্তির মূল্যানুপাতে নির্ধারিত নিয়মে প্রদান করতে হবে। সুতরাং প্রবেট বিধির প্রয়োগে উইল সম্পর্কে যথেষ্ট ধারণা থাকা আবশ্যক।

**২.২. অছিয়ত বা উইল বলতে যা বুঝায়ঃ**

উইল (testament) বা অছিয়ত হলো, কোন মৃত ব্যক্তি কর্তৃক মৃত্যুর আগে তার সম্পত্তি বিলি ব্যবস্থা করার জন্য যে ইচ্ছা ব্যক্ত করেন তা উইল। কোন মুসলমান ইসলামি আইন অনুযায়ী এরূপ কোন ইচ্ছাপত্র দিলে তাকে অছিয়ত বলে। উইল এবং অছিয়ত একমাত্র দলিল যা রেজিস্ট্রি করার দরকার হয় না।